

প্রকল্পের নাম : পল্লী এলাকায় উন্নত সেবা সরবরাহে ই - পরিষদ প্রকল্প

প্রকল্পের পটভূমি

বাংলাদেশ মূলত: একটি গ্রাম প্রধান দেশ এবং 70 শতাংশ জনসংখ্যা গ্রামীণ এলাকায় বসবাস করে। দুর্ভাগ্যক্রমে এদেশের গ্রামীণ এলাকা শহরে এলাকার চেয়ে তুলনামূলকভাবে কম উন্নত। এজন্য সরকার এবং উন্নয়ন পেশাদারদের জন্য গ্রামীণ উন্নয়ন একটি গুরুত্বপূর্ণ উদ্যোগের বিষয় হয়ে উঠেছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর পল্লী উন্নয়ন ও সমবায় (আরডি) বিভাগের গ্রামীণ জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে সহায়তা প্রদানের মাধ্যমে গ্রামীণ এলাকার বিকাশ সাধনের বিশেষ দায়িত্ব রয়েছে, যেমন পরিসেবা প্রদানের জন্য প্রাতিষ্ঠানিক উন্নয়ন, মানব সম্পদ উন্নয়ন এবং আইজিএর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, সচেতনতা বৃদ্ধি, নিজেদের উন্নয়নের জন্য কমউনিটির জনগণকে সংগঠিত করা। বাংলাদেশের দারিদ্র্য হ্রাসকরণ কৌশল পত্রের একটি উল্লেখযোগ্য কৌশলগত লক্ষ্য হলো স্থানীয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠা। এটি ব্যাপকভাবে স্বীকৃত যে বর্তমান শতাব্দীর উন্নয়ন চাহিদা পূরণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) অবিচ্ছেদ্য হয়ে উঠেছে। আইসিটি অধিকাংশ দেশের মধ্যে জনসংখ্যার (সংযোগসাধনের মাধ্যমে) জীবনযাত্রার মানোন্নয়নের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করছে। গ্রামীণ জীবনযাত্রার মান ও জীবনযাত্রায় পরিবর্তন আনতে এ আইসিটি ভিত্তিক সুযোগ ব্যবহারে বাংলাদেশের অনেক সম্ভাবনা রয়েছে। ই-গভর্নেন্সকে জাতীয় ও স্থানীয় উভয় পর্যায়ে প্রসার করা সরকারের একটি অগ্রগণ্য বিষয়। অতএব, স্থানীয় সরকার পরিচালনায় গভর্নেন্স এবং সেবা প্রদানে উন্নয়নের জন্য তথ্য প্রযুক্তির প্রয়োগ অত্যন্ত প্রয়োজনীয়। এ বিষয়ে বার্ড একটি ইউনিয়ন পরিষদে একটি প্রায়োগিক গবেষণা বাস্তবায়ন শুরু করে। এ প্রায়োগিক গবেষণার অভিজ্ঞতা ভবিষ্যতে বড় পরিসরে প্রয়োগ করার উদ্যোগ গ্রহণ করা হবে।

মূল উদ্দেশ্য

এ প্রকল্পের মূল উদ্দেশ্য হলো গ্রামীণ জনগণের জীবনযাত্রার মানোন্নয়নে তাদের নিকট অত্যাৱশ্যকীয় সেবা সরবরাহ করা তথা স্থানীয় পর্যায়ে তথ্যপ্রযুক্তি ভিত্তিক (ICT) প্ল্যাটফর্ম সৃষ্টির মাধ্যমে পল্লী উন্নয়ন সাধন করা।

মূল উদ্দেশ্য

- (ক) গ্রামীণ জনগণ যাতে তাঁদের দোরগোড়ায় নিত্য প্রয়োজনীয় সেবা পেতে পারেন সেজন্য গ্রাম ও ইউনিয়ন পর্যায়ে তথ্য প্রযুক্তিভিত্তিক প্ল্যাটফর্ম সৃষ্টি করা;
- (খ) উপজেলা থেকে গ্রাম পর্যায়ে একটি তথ্য প্রযুক্তিভিত্তিক সমন্বিত ও কার্যকর সেবা প্রদান পদ্ধতি;
- (গ) কম্পিউটারভিত্তিক সেবা সরবরাহের প্রচলন করা এবং উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে পল্লী উন্নয়ন বিষয়ক ডাটাবেজ তৈরি করা; এবং
- (ঘ) গ্রামীণ জনগণের নিকট উন্নয়ন সম্পর্কিত জ্ঞান পৌঁছে দেয়া এবং তাঁদের জীবনমানের পরিবর্তন সাধন করা।

প্রকল্প এলাকা : সদর দক্ষিণ উপজেলার জোড়কানন (পূর্ব) ইউনিয়ন পরিষদ

প্রকল্পের মেয়াদ : জুলাই ২০১০ - জুন ২০১৮

অর্থায়নকারী সংস্থা : বার্ড

প্রকল্পের মূল কার্যক্রম:

- মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে তরুণ তরুণীদের জন্য কোর্স আয়োজন;
- ইউনিয়ন পরিষদ ম্যানেজমেন্ট সফটওয়্যার (ইউপিএমএস) এর মাধ্যমে জোড়কানন (পূর্ব) ইউনিয়ন পরিষদের আর্থিক রেজিস্টারসমূহের কার্যক্রম পরিচালনা;
- ইউনিয়ন পরিষদে প্রকল্পের কম্পিউটার ব্যবহার করে তরুণ তরুণীদের বিভিন্ন তথ্য প্রাপ্তির সুবিধা প্রদান

প্রকল্প বাস্তবায়ন কৌশল:

- প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ইউনিয়ন পরিষদ সচিব কর্তৃক জনগণকে ইউনিয়ন পরিষদের সেবা পৌঁছে দেয়ার সক্ষমতা বৃদ্ধিকরণ;
- মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে বেকার তরুণ তরুণীদের কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও আত্ম কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;
- গ্রামীণ জনগণের সচেতনতা বৃদ্ধি ও জীবনমান উন্নয়ন;

প্রকল্প কার্যক্রম এর ছবি:



বার্ডের প্রাক্তন মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার হার্ডওয়্যার মেইনটেন্যান্স কোর্সের প্রশিক্ষার্থীদের সাথে সেশন পরিচালনা করছেন।



বার্ডের প্রাক্তন মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার হার্ডওয়্যার মেইনটেন্যান্স কোর্সের প্রশিক্ষার্থীদের সাথে মত বিনিময় করছেন।



বার্ডের প্রাক্তন মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার হার্ডওয়্যার মেইনটেন্যান্স কোর্সের সমাপনী অধিবেশনে বক্তব্য প্রদান করছেন।







বার্ডের প্রাক্তন মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার হার্ডওয়্যার মেইনটেন্যান্স কোর্সের প্রশিক্ষার্থীদের সনদপত্র বিতরণ করছেন।



বেসিক কম্পিউটার কোর্সের প্রশিক্ষার্থীগণ কম্পিউটার অনুশীলন করছেন।



ইউনিয়ন পরিষদ ম্যানেজমেন্ট সফটওয়্যার (ইউপিএমএস)- এর স্ক্রিন শট